চুলওয়ালা, লাল পোশাক পরিহিত কোন লোককে আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেয়ে সুন্দর দেখিনি

বারা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: চুলওয়ালা, লাল পোশাক পরিহিত কোন লোককে আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেয়ে সুন্দর দেখিনি। তার চুল কাঁধ স্পর্শ করতো। উভয় কাঁধের মধ্যে বেশ দূরত্ব ছিল। তিনি লম্বাও ছিলেন না,
বেঁটেও ছিলেন না।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

বারা’ ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু বলেন যে, তিনি কখনও কাঁধ পর্যন্ত লম্বা চুল এবং লাল ডোরাকাটা কালো লুঙ্গি ও চাদর পরা কাউকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম -এর চেয়ে বেশি সুন্দর দেখেননি। তাঁর শারীরিক বৈশিষ্ট্যগুলির মধ্যে ছিল কাঁধের মাঝখানে প্রশস্ত ফাঁকা জায়গা, প্রশস্ত বুক এবং লম্বা ও খাটোর মাঝখানে গড়ন ছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/2990